# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা

বিষয় কোড : ১ ৩ ৪

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ রফিক সাহেব দশম শ্রেণির ক্লাসে বিভিন্ন ধরনের ভূমিক্ষয় নিয়ে আলোচনা করেছিলেন। তিনি তাদের আস্তরণ ও রিল ভূমিক্ষয়ের বিভিন্ন কারণ আলোচনা করার পর এইগুলো রোধ করার বিভিন্ন উপায় সম্পর্কে ছাত্রদেরকে মতামত দিতে বললেন।

ক. মাটি কী? ১

খ. জমি চাষের বিবেচ্য বিষয়গুলি লিখ। ২

গ. রফিক সাহেব দশম শ্রেণির ক্লাসে যে ধরনের ভূমিক্ষয় নিয়ে আলোচনা করেছিলেন তার কারণ বর্ণনা করো। ৩

ঘ. রফিক সাহেব দশম শ্রেণির ক্লাসে যে ধরনের ভূমিক্ষয় নিয়ে আলোচনা করেছিলেন তা তুমি কিভাবে রোধ করবে মতামত দাও। ৪

**২.** ▶ কাজী মিয়া তার বাড়ির পাশের ৫ শতক জমির পুকুরে বিভিন্ন কার্প জাতীয় মাছের পোনা মজুদ করলেন। সঠিকভাবে পুকুর প্রস্তুতি, পরিচর্যা ও ব্যবস্থাপনার মাধ্যমে সে এক বছরের মধ্যেই ভালো ফলন পেলেন। ফলে তার গ্রামের অন্যান্য চাষিরাও মাছ চাষ শুরু করলেন।

ক. রাক্ষুসে মাছ কী? ১

খ. পুকুরের মাছ মারার বিষ কেন প্রয়োগ করা হয়? ২

গ. কাজী মিয়ার পুকুর প্রস্তুতিতে কি পরিমাণ জৈব ও অজৈব সার লাগবে তা নির্ণয় করো। ৩

ঘ. আমিষের চাহিদা পূরণে ও কর্মসংস্থানে কাজী মিয়ার কাজের মূল্যায়ন করো। ৪

**৩.** ▶ গনি মিয়া যুব উন্নয়ন প্রশিক্ষণ নিয়ে তার বাড়িতে দুগ্ধবতী গাভী ও হাঁসের খামার করলেন। স্বাস্থ্যসম্মত লালন-পালন ও আবদ্ধ পদ্ধতি অনুসরণ করে অল্প দিনেই অনেক বেশি লাভবান হলেন।


ক. অভিযোজন কাকে বলে? ১

খ. পশু-পাখি পালনে খরার প্রভাব আলোচনা করো। ২

গ. গনি মিয়া যে পদ্ধতি অনুসরণ করে গাভী পালন করেন তার বর্ণনা দাও। ৩

ঘ. প্রাণিজ আমিষের চাহিদা পূরণে ও বেকার সমসা সমাধানে গনি মিয়ার পেশার মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

৪.▶  

ক. সামাজিক বনায়ন কী? ১

খ. একই জমিতে ইপিল-ইপিল, নারকেল, লিচু গাছের সাথে আনারস চাষের দুটি সুবিধা লিখ। ২

গ. চিত্র দেখানো দুই ধরনের বনায়নের মধ্যে পার্থক্য লিখ। ৩

ঘ. পরিবেশের ভারসাম্য রক্ষার চিত্রে দেখানো বনায়ন পদ্ধতির ভূমিকা বর্ণনা করো। ৪

৫.▶ রনি মিয়ার পারিবারিক খামারে ৩টি দুগ্ধদায়ী গাভী আছে। প্রতিদিন সে হাত দিয়েই দোহন করে থাকে। কিন্তু দুগ্ধ দোহনের সময় মশা-মাছি বিরক্ত করে। ফলে গাভী নড়াচড়া করলে সে মারধোর করে। এছাড়া দুগ্ধ দোহনের পর দ্রুত তা নষ্ট হয়ে যায়। এসব সমস্যার কারণে তার খামারটি ক্ষতির সম্মুখীন হয়েছে।

ক. দুগ্ধ দোহন কী? ১

খ. গাভীর কৃত্রিম প্রজনন প্রয়োজন কেন? ২

গ. রনি মিয়া তার খামারে দুগ্ধ দোহনে যে পদ্ধতি প্রয়োগ করেন তা বর্ণনা করো। ৩

ঘ. রনি মিয়ার দুগ্ধ খামারটি ক্ষতির হাত থেকে রক্ষার জন্য কী পদক্ষেপ নিতে পারে- তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

৬.▶ বিক্রমপুর গ্রামের কৃষকেরা তাদের জমিতে একাকী ফসল চাষে নানা সমস্যায় পড়েন। যদিও অনেক কষ্টে ভালো ফলন পায়, কিন্তু তার সঠিক দাম তারা পান না। পরবর্তিতে তারা উপজেলা সমবায় কর্মকর্তার পরামর্শে কৃষি সমবায় গঠন করেন এবং সকল ঝুঁকি মোকাবিলা করে লাভের মুখ দেখেন।

ক. কৃষি সমবায় এর ভিত্তি কী? ১

খ. কৃষি ঋণ প্রাপ্তিতে কৃষি সমবায় প্রয়োজন কেন? ২

গ. বিক্রমপুর গ্রামের কৃষকেরা কি কি সমস্যায় পরেন তা বর্ণনা করো। ৩

ঘ. উপজেলা সমবায় কর্মকর্তার পরামর্শে কৃষকেরা কিভাবে লাভবান হন? বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

# কৃষিশিক্ষা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট | পূর্ণমান — ৩৫ | বিষয় কোড : ১ ৩ ৪

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. কৃষকের ভাষায় ভূ-পৃষ্ঠের কত সে.মি. গভীর স্তরকে মাটি বলা হয়?
ক) ১৫-১৮ খ) ১৫-২০
গ) ১৫-২৫ ঘ) ১৫-৩০

২. মাটির প্রকৃতি বা বৈশিষ্ট্য অনুযায়ী বাংলাদেশকে কতটি কৃষি পরিবেশ অঞ্চলে ভাগ করা হয়েছে?
ক) দশটি খ) বিশটি
গ) ত্রিশটি ঘ) চল্লিশটি

৩. দেশি মাপে এক বিঘা জমির জন্য কয় কাঠা বীজতলার প্রয়োজন?
ক) এক খ) দুই
গ) তিন ঘ) চার

৪. জমি চাষের বিবেচ্য বিষয়-
i. ফসলের প্রকার
ii. মাটির প্রকার
iii. আবহাওয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৫. ভূমি কর্ষণের ফলে-
i. মাটিতে সহজেই বায়ু চলাচল করতে পারে
ii. উপরের অণুজীবের কার্যকারিতা হ্রাস পায়
iii. উপরের অণুজীবের কার্যকারিতা বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৬. কোনটি রবি মৌসুমের ফসল?
ক) চিনাবাদাম খ) ভুট্টা
গ) পাট ঘ) রোপা আমন

৭. খরিপ-২ মৌসুমের সময়কাল কখন?
ক) চৈত্র হতে জ্যৈষ্ঠ খ) আষাঢ় হতে ভাদ্র
গ) আশ্বিন হতে ফাল্গুন ঘ) জ্যৈষ্ঠ হতে শ্রাবণ

৮. উদ্ভিদতাত্ত্বিক বীজ কোনটি?
ক) আদা খ) কচু
গ) হলুদ ঘ) বরবটি

৯. ইউরিয়া মোলাসেস ব্লক তেরিতে কী পরিমাণ ইউরিয়া ব্যবহার করা হয়?
ক) ৫০ গ্রাম খ) ৯০ গ্রাম
গ) ১২০ গ্রাম ঘ) ১৫০ গ্রাম

১০. আদর্শ পুকুর সাধারণত কত মিটার গভীর হয়?
ক) ১.০ খ) ১-১.৫
গ) ১.৫-২.০ ঘ) ৩

১১. মাছের ডিম ফুটার পরের অবস্থাকে কি বলে?
ক) আঙ্গুলে পোনা খ) চারা পোনা
গ) ডিম পোনা ঘ) রেণু পোনা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**

শ্যামল বালা বাউনার বিল থেকে সারা বছর ছোট, বড়, ডিমওয়ালা বোয়াল ও আইড় মাছ ধরে বাজারে বিক্রি করে, এ জন্য সে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে কোনো অনুমতি নেয়নি।

১২. মৎস্য আইন অনুযায়ী উল্লিখিত ছোট মাছগুলো শ্যামল কোন সময়ে ধরতে পারবে না।?
ক) ফেব্রুয়ারি- জুন খ) জুলাই-ডিসেম্বর
গ) নভেম্বর-এপ্রিল ঘ) নভেম্বর-মে

১৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিলে শ্যামল-
i. নির্ধারিত সময়ে মাছ ধরতে পারবে
ii. মাছ ধরার জন্য বিস্ফোরক দ্রব্য ব্যবহার করতে পারবে
iii. ৪.৫ সে. মি. অপেক্ষা কম ব্যাসের জাল ব্যবহার করতে পারবে না
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪. চাষযোগ্য দেশি জাতের বেশি উপযোগী মাছ হলো-
i. রুই, কাতলা
ii. সরপুটি, তেলাপিয়া
iii. মৃগেল, কালিবাউশ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**

জসিমের পুকুরটি ৫ মিটার গভীর। এটির পানি কখনো শুকায় না। পাড়ে বেশ বড় গাছপালা আছে। পুকুরটিতে মৃগেল ও কালবাউশ মাছের বৃদ্ধি কম।

১৫. জসিমের পুকুরটি পানি কোন ধরনের গুণাগুণ নির্দেশ করে?
ক) ভৌত খ) রাসায়নিক
গ) যান্ত্রিক ঘ) জৈবিক

১৬. পুকুরটিতে উল্লিখিত মাছের বৃদ্ধি কম হওয়ার কারণ-
i. গভীর অঞ্চলে প্ল্যাংকটন তৈরি হয় না
ii. সেখানে অক্সিজেনের অভাব হয়
iii. পুকুরটির অবোকাঠামো সুবিধা বেশি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

http://teachingbd.com

১৭. **জলবায়ু পরিবর্তনের কারণে-**
i. ফসল উৎপাদন ব্যহত হচ্ছে
ii. দেশের মধ্যাঞ্চলে লবণাক্ততা বৃদ্ধি পাচ্ছে
iii. ফসলি জমি হ্রাস পাচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ ii ও iii
ⓒ i ও iii ⓓ i, ii ও iii

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৮. **কলার চারাকে কী বলে?**
(ক) কাটিং (খ) কলম
(গ) তেউড় (ঘ) অসি

১৯. **ধান ফসলের টুংরো রোগের জন্য কোন জীবাণু দায়ী?**
(ক) ছত্রাক (খ) ভাইরাস
(গ) ব্যাকটেরিয়া (ঘ) গল মাছি

২০. **ধান ফসলের কোন পোকার উপদ্রব দেখা যায়?**
(ক) পামরী পোকা (খ) বিছা পোকা
(গ) ঘোড়া পোকা (ঘ) উড়চুঙ্গা

২১. **হানিকুইন কোন ফসলের জাত?**
(ক) কলা (খ) আনারস
(গ) পেয়ারা (ঘ) জাম

২২. **সাইলেজ হিসেবে সংরক্ষণের উপযোগী ঘাস-**
(ক) ভুট্টা (খ) নেপিয়ার
(গ) গিনি (ঘ) জার্মান

২৩. **সাধারণ ঘাসের চেয়ে লিগিউমে যে উপাদান বেশি তা হলো।**
i. প্রোটিন
ii. আমিষ
iii. ভিটামিন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৪. **কোন পোকার আক্রমণে পাট গাছের গিটের সৃষ্টি হয়?**
(ক) বিছা (খ) চেলে
(গ) ঘোড়া (ঘ) উড়চুঙ্গা

২৫. **আলুর জন্য ক্ষতিকর**
i. নিম্ন তাপমাত্রা
ii. মেঘলা আকাশ
iii. কুয়াশাচ্ছন্ন আবহাওয়া
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**

আয়শার ছোট মেয়েটি কয়েকদিন থেকে পেটের অসুখ বদহজম ও আমাশয়ে ভুগছে। স্থানীয় ডাক্তারের নিকট গেলে তিনি একটি লতানো গাছ দেখিয়ে দিয়ে বললেন এটি বেটে রস করে খাওয়ালে অসুখ সেরে যাবে।

২৬. **ডাক্তার কোন গাছটি দেখিয়ে দিয়েছিলেন?**
(ক) বাসক (খ) থানকুনি.
(গ) সর্পগন্ধা (ঘ) তুলসি

২৭. **আয়েশা পরামর্শটি গ্রহণ করল। কারণ এটি-**
i. পার্শ্বপ্রতিক্রিয়াহীন
ii. খরচহীন
iii. আয়ুবর্ধক ও স্মৃতিবর্ধক
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৮. **কাঠ সিজনিং এর অর্থ কী?**
(ক) কাঠের আর্দ্রতা কমানো
(খ) কাঠ সংরক্ষণ
(গ) কাঠ সজ্জিতকরণ
(ঘ) কাঠের আর্দ্রতা বাড়ানো

২৯. **যন্ত্রপাতি ক্রয় কোন ধরনের কৃষি সমবায়ের অন্তর্ভুক্ত কাজ?**
(ক) সঞ্চয় (খ) কৃষি মূলধন
(গ) কৃষি উপকরণ (ঘ) কৃষি উৎপাদন

৩০. **পাস্তুরিকরনের অসুবিধা হলো-**
i. দুধের এনজাইম নষ্ট হয়ে যায়
ii. ভিটামিন নষ্ট হয়
iii. চর্বিকণা পৃথক হয়ে যায়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩১. **১ লিটার দুধ উৎপাদনের জন্য গাভীকে দৈনিক কত কেজি দানাদার খাদ্য বেশি দিতে হয়?**
(ক) ০.৫ (খ) ১.০
(গ) ১.৫ (ঘ) ২.০

৩২. **ব্ল্যাক বেঙ্গল ছাগল এক সাথে কয়টি বাচ্চা দেয়?**
(ক) ১-২ (খ) ২-৩
(গ) ৪-৫ (ঘ) ৬-৮

৩৩. **পারিবারিক খামারে গভীর সংখ্যা কয়টি হয়ে থাকে?**
(ক) ২-৫ (খ) ৭-১০
(গ) ১-২ (ঘ) ১০-১৫

৩৪. **সমবায় সংগঠনের কাজ কোনটি?**
(ক) আগ্রহী ব্যক্তিদের ঐক্যবন্ধ করা
(খ) পারিবারিক কাজের সুষ্ঠ ব্যবস্থাপনা
(গ) সকল কৃষি কাজের ব্যবস্থাপনা
(ঘ) রাসায়নিক চাষের প্রসার

৩৫. **পাহাড়ি বনভূমির পরিমাণ--**
(ক) ১২.১৬ লক্ষ হেক্টর
(খ) ১৩.১৬ লক্ষ হেক্টর
(গ) ১৪.১৬ লক্ষ হেক্টর
(ঘ) ১৫.১৬ লক্ষ হেক্টর

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক |
| ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | খ | | | | | | | | | | |

teachingbd.com